চ্যান্সেলরের প্রবিধান

ক্যাটেগরি:	**সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্**	ইস্যুর তারিখ:	নম্বর:	**D-160**
বিষয়:	আসন পূরণসহ সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলের সদস্যপদে মনোনয়ন এবং নির্বাচনের প্রক্রিয়া		পৃষ্ঠা:	1 এর 1

পরিবর্তনের সারসংক্ষেপ

এই প্রবিধান পোস্ট করার তারিখ থেকে কার্যকরী হবে এবং এটি ২৪ মার্চ, ২০১০ তারিখের চ্যান্সেলরের প্রবিধান D-160 –কে হালনাগাদ এবং রহিত করে।

পরিবর্তনসমূহ:

- নিচে উল্লিখিত পরিবর্তনসমূহ আনা হয়েছে সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুল ("সিসিএইচএস")নির্বাচনে আগ্রহী মনোনয়ন প্রার্থীদের যোগ্যতার শর্তে: প্রার্থীদের অবশ্যই বর্তমান হাই স্কুল শিক্ষার্থীদের পিতামতা হতে হবে। সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলের কোন পদে প্রতিযোগিতার আবেদনের তারিখ থেকে যোগ্যতা নির্ধারিত হবে। (পৃষ্ঠা 1, সেকশন I.A.1 দেখুন)
- চ্যান্সেলরের প্রবিধান D-125 এর সাথে মিল রাখতে স্বার্থের সংঘাতে ধারা হালনাগাদ করা হয়েছে। (পৃষ্ঠা 1-2, সেকশন 1.A.3.c দেখুন)
- প্রার্থীগণ এখন একাধিক কম্যুনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে আবেদন করতে পারেন। যদিও একাধিক আবেদনের সুযোগ আছে, কিন্তু প্রার্থীরা একটি কাউন্সিলের অধিক জায়গায় পরিষেবা দিতে পারবেন না। আবেদনের সময়, যেসকল প্রার্থী একাধিক কাউন্সিলে করেছেন তাদেরকে পরিষেবাদানের জন্য কাউন্সিলগুলোকে অগ্রাধিকারের ভিত্তিতে তালিকাভুক্ত করতে হবে। যারা একাধিক কাউন্সিলে পরিষেবাদানের জন্য শর্ত সাপেক্ষে নির্বাচিত হয়েছেন, তারা সেই কাউন্সিলটিতেই বসবেন যেটিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে। (পৃষ্ঠা 2, সেকশন II.A দেখুন)
- প্রার্থীদের এখন তাদের আবেদনপত্রে যে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের অধীনস্থ স্কুলে বর্তমানে তাদের সন্তানেরা পড়ছে সেই স্কুল সম্পর্কিত তথ্য লিপিবদ্ধ করতে হবে। একজন প্রার্থীকে ঐ স্কুলের প্রতিনিধি বিবেচনা করা হবে। প্রার্থী যে স্কুলের প্রতিনিধি সেই স্কুল সম্পর্কিত তথ্য প্রদানে ব্যর্থ হলে চ্যান্সেলরের ক্ষমতা অনুযায়ী তাকে অযোগ্য বিবেচিত করার কারণও হতে পারে। (পৃষ্ঠা 2, সেকশন II.B দেখুন)
- নির্বাচন প্রক্রিয়ায় নিচে উল্লিখিত পরিবর্তনসমূহ আনা হয়েছে: এই প্রক্রিয়া থেকে অ্যাডভাইজরি ভোট তুলে দেয়া হয়েছে, এবং বরো প্রেসিডেন্টস্ কাউন্সিলগুলোর সংশ্লিষ্টতা বাড়াতে মনোনয়ন প্রার্থীদের ফোরম পরিচালনার পদ্ধতিও হালনাগাদ করা হয়েছে। (পৃষ্ঠা 2, সেকশন IV দেখুন)
- যদি কোন প্রার্থী থাকে যার সন্তানেরা অন্য বরোর পাবলিক হাই স্কুলে পড়ছে, প্রার্থীর সন্তানেরা যে বরোর হাই স্কুলে পড়ছে সেই বরোগুলোর প্রত্যেকটির ব্যালটে প্রার্থীর নাম থাকবে। (পৃষ্ঠা 3, সেকশন V.A.1, FN 4 দেখুন)
- একজন প্রার্থী যো একাধিক বরোর স্কুলগুলোর প্রতিনিধিত্ব করছেন তিনি সিসিএইচএস-এ শুধু একটি বরোর প্রতিনিধিত্বের জন্য নির্বাচিত হবেন। যদি প্রার্থী একাধিক বরোর প্রতিনিধিত্বের জন্য শর্ত সাপেক্ষে নির্বাচিত হন, প্রার্থকে অবশ্যিই নির্ধারণ করতে হবে তিনি কোন্ বরোতে কাজ করতে চান, এবং অন্য বরোগুলোর বিবেচনা থেকে তাকে মুক্তি দেয়া হবে। (পৃষ্ঠা 3, সেকশন V.A.2, FN 5 দেখুন)
- একই স্কুল থেকে একাধিক প্রার্থী নির্বাচন নিষেধ থাকার কারণে এক বা একাধিক আসন শূন্য থাকলে এবং রানঅফ প্রয়োজন হলে, যেসব প্রার্থী এখনও নির্বাচিত হননি এবং যাদের সন্তানেরা সিসিএইচএস-এর প্রতিনিধিত্ব আছে এমন স্কুলে পড়ছে না, তারা রানঅফের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। (পৃষ্ঠা 3, সেকশন V.A.3.b দেখুন)
- এই প্রবিধানের শর্ত অনুযায়ী প্রার্থীদেরকে গ্রুপভুক্ত করে, একাধিক রানঅফ প্রয়োজন হলে, ভিন্ন ভিন্ন ভাগে একই সময়ে রানঅফ পরিচালিত হবে। (পৃষ্ঠা 3, সেকশন V.A.3.d দেখুন)
- সিসিএইচএস-র সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশনের বিভিন্ন পদ পূরণে আগ্রহী ব্যক্তিবর্গকে অবশ্যই ডিভিশন অব ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টে (ফেইস) আবেদনপত্র জমা দিতে হবে। (পৃষ্ঠা 4, সেকশন V.B দেখুন)
- সিসিএইচএস-এ সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস্(সিসিইএলএল) বিভিন্ন পদে পরিষেবাদানে আগ্রহী ব্যক্তিবর্গকে অবশ্যই এফএসিই-তে আবেদন করতে হবে। (পৃষ্ঠা 4, সেকশন V.C দেখুন)
- সিসিএইএস-এর পাবলিক অ্যাডভোকেট পদে পরিষেবাদানে আগ্রহী প্রার্থীদের অবশ্যই পাবলিক অ্যাডভোকেট অফিসে আবেদন করতে হবে। (পৃষ্ঠা 4, সেকশন V.D দেখুন)
- সিসিএইচএস শূন্য আসন পূরণে আগ্রহী ব্যক্তিবর্গকে সিসিএইচএস অথবা এফএসিই থেকে আবেদনপত্র নিয়ে অবশ্যই আবেদন করতে হবে। (পৃষ্ঠা 5, সেকশন IX.A.2 দেখুন)
- অফিস ফর ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসির (ওফিয়া) সকল রেফারেন্স পরিবর্তন করে ডিভিশিন অব ফ্যামিলি অ্যান্ডয কম্যুনিটি এনগেজমেন্ট (ফেইস) করা হয়েছে।